

## পাঠ পরিকল্পনা-১২ (শ্রেণি : নবম)

অধ্যায়-২ : শরিয়তের উৎস

পাঠ-১ : শরিয়ত

সময় : ৩৫ মিনিট

সময়	বিবরণ
৫ মিনিট	উপস্থিতি পর্যালোচনা ও নতুন পাঠের উপর পূর্বজ্ঞান পরীক্ষা- শরিয়ত বলতে কী বুঝে? কেউ কী বলতে পারবে?
৫ মিনিট	শরিয়ত আরবী (الشريعة) পরিভাষা। এর আভিধানিক অর্থ- অনুসরণীয় স্পষ্ট পথ, আইনানুগতা, বৈধতা, আইনসম্মত ইত্যাদি। ইসলামি পরিভাষায়, শরিয়ত বলতে বুঝায় ইসলামের আইন-কানুন। ড. আবদুল করীম যায়দান বলেন, “মহান আল্লাহ তাঁর বান্দার জন্য যেসব বিধিবিধান জারি করেছেন তাকে শরিয়ত বলা হয়। এ বিধান কুর’আন অথবা মহানবী (সা.)-এর বাণী, কর্ম বা সম্মতির ভিত্তিতে নির্ধারিত হতে পারে।” সর্বোপরি, ইসলামি কার্যনীতি, জীবনপদ্ধতি, আইন-কানুন ও বিধি-বিধানকে শরিয়ত বলে।
৫ মিনিট	শরিয়াহ, ইসলামি আইন, ফিক্হ, কানুন, আইন শব্দগুলোর পারস্পরিক সম্পর্ক ও পার্থক্য শরিয়াহ, ইসলামি আইন ও ফিক্হ শব্দগুলো অনেকাংশেই সমার্থক, এগুলো দ্বারা ইসলামি বিধি-বিধানকে বুঝানো হয়। আবার কখনো কখনো ফিক্হ দ্বারা আইনের বিধি বিষয়ে দলীল প্রমাণ তথা কুরআন-হাদিস, ইজমা-কিয়াসের ভিত্তিতে পর্যালোচনাকে বুঝায়, আর যখন এ পর্যালোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয় তখন তাকে ইসলামি আইন বলে। পক্ষান্তরে এগুলোর বিপরীতে দুনিয়াবী মানবসৃষ্ট আইন বুঝাতে কানুন শব্দটি বুঝানো হয়। আইন এটি কমন শব্দ, যদি আইন কুরআন-হাদিস ইসলামি বিধান অনুসারে হয়, তবে তা ইসলামি আইন। আর যদি আইন মানবসৃষ্ট হয় তবে তা সাধারণ আইন, যেমন- ব্রিটিশ আইন। বাংলাদেশ একটি মুসলিম সংখ্যাগরিষ্ট দেশ, তাই বলে এদেশের সকল আইন ইসলামি আইন নয়; কারণ এ দেশ গণতান্ত্রিক দেশ, এদেশের আইন প্রণয়ন হয় সংসদের সংখ্যাগরিষ্টের মতামতের ভিত্তিতে। তাই এদেশের আইনের যে অংশ ইসলামের সাথে সংঘতিপূর্ণ তা ইসলামি আইন। বাকীগুলো সাধারণ আইন। যেমন- এদেশে মুসলিম ফ্যামিলি ল’ রয়েছে, যা অনেকাংশে ইসলামি বিধি-বিধান অনুসারে গৃহীত, তাই একে ইসলামি আইন/শরিয়াহ আইন/ফিক্হ বলা যায়। শরিয়তের বিষয়বস্তু : তিন প্রকার। ১. আকিদা সংক্রান্ত বিধান, ২. নৈতিক চরিত্র সংক্রান্ত বিধান ৩. বাস্তব কাজকর্ম সংক্রান্ত বিধান : এগুলো নিম্নোক্ত ভাগে বিভক্ত ক. ইবাদত : যা আল্লাহ ও বান্দার মধ্যে সম্পর্ক বজায় রাখে এবং জীবনের বিস্তৃত অঙ্গনে বিশেষ ধরনের দৃষ্টিভঙ্গি ও নীতি অবলম্বনের নির্দেশ দেয়। খ. পারস্পরিক লেনদেন : এটা হলো সামাজিক ও অর্থনৈতিক বিধিবিধান। যাতে রয়েছে পারস্পরিক সহযোগিতা ও যৌথভাবে কাজ করার নীতি পদ্ধতি। যেমন- ক্রয়-বিক্রয়, ঋণ, ভাড়া, আমানত ইত্যাদি। গ. বিবাহ সম্পর্কিত : মানবের বংশ রক্ষা সংক্রান্ত বিধিবিধান। যার মধ্যে রয়েছে বিবাহ, ইদত, অভিভাবকত্ব, অসিয়ত, উত্তরাধিকার ইত্যাদি। ঘ. অপরাধের দণ্ড : বিচারবিধি, প্রমাণ প্রয়োগবিধি, অপরাধ তথা হত্যা, চুরি, ব্যভিচার, অপবাদ ইত্যাদি এবং তার শাস্তি যথা মৃত্যুদণ্ড, হাতকাটা, বেত্রাঘাত ইত্যাদি। ঙ. হুকুমত ও খেলাফত : জাতীয় ও আন্তর্জাতিক সম্পর্ক, যুদ্ধ ও সন্ধি, মন্ত্রিত্ব, কর আরোপ ও আদায় ইত্যাদির যেসব বিধান ইসলামের প্রাথমিক যুগে প্রচলিত ছিল।
১২ মিনিট	শরিয়তের গুরুত্ব ১. ইসলামকে বাস্তব জীবনে অনুশীলন। ২. নতুন সমস্যার সমাধান

	<p>৩. জনসাধারণের প্রয়োজনে : কুরআন-সুন্নাহের বিধান পালন করা সবার জন্য অপরিহার্য। কিন্তু সাধারণ মুসলমানদের পক্ষে কুরআন সুন্নাহ থেকে বিধান উদ্ভাবন করে পালন করা দুঃসাধ্য। তাই শরিয়তের নীতিমালার মাধ্যমে উদ্ভাবিত পদ্ধতি তারা সহজে অনুধাবন ও বাস্তব জীবনে প্রয়োগ করতে পারে।</p> <p>৪. কুরআন-সুন্নাহর ব্যাখ্যা : কুরআন-সুন্নাহর ব্যাখ্যা বিশ্লেষণের জন্য শরিয়ত তথা ফিক্হ শাস্ত্রের অপরিহার্যতা দেখা দেয়।</p> <p>৫. আমল করা সহজ হয় : ফিক্হ শাস্ত্রের মাধ্যমে শরীয়াতের বিধানের উপর আমল করা সহজ হয়। হালাল, হারাম, সুন্নাহ, নফল ইত্যাদি সম্পর্কে ধারণা পাওয়া যায় শরিয়তের মাধ্যমে।</p> <p>শরিয়তের উৎস : চারটি,</p> <ol style="list-style-type: none"> <li>১. কুরআন,</li> <li>২. সুন্নাহ,</li> <li>৩. ইজমা,</li> <li>৪. কিয়াস।</li> </ol>
৮ মিনিট	<p style="text-align: center;"><b>শিক্ষার্থীদের পিডব্যাক/পাঠোত্তর মূল্যায়ন</b></p> <p>মসজিদে ইমাম সাহেব জুমআর খুতবায় নামাজের পয়োজনীয়তা বুঝাতে গিয়ে বলেন, মহান আল্লাহ কুরআনে বলেন, “তোমরা সূর্য হেলে পড়ার সময় থেকে রাতের অন্ধকার পর্যন্ত সালাত কায়েম কর এবং ফজরের কুরআন পড়।” এ আয়াত শুনে নবম শ্রেণি ছাত্র কামরুল বাড়ি এসে তার বাবাকে বললো, ইমাম যে আয়াত তিলাওয়াত করলেন তাতেতো পাঁচ ওয়াক্ত নামাজের কথা বলা নেই, তাহলে কেন আমরা পাঁচ ওয়াক্ত নামাজ পড়ি। তার বাবা বললেন, আসলে একটা আয়াত থেকেই সিদ্ধান্ত নেয়া যাবেনা, বরং কুরআন-হাদিস সবকিছু পর্যালোচনা করেই সিদ্ধান্ত নিতে হবে। এ আয়াতে দেখা যায়, কুরআনে বিভিন্ন সময়ে নামাজ পড়তে বলেছে। আমরা হাদিস থেকে জানতে পারি, রাসূলুল্লাহ (সা.) পাঁচ ওয়াক্ত নামাজ পড়েছেন, তাই ইসলামি শরিয়ত আমাদেরকে পাঁচ ওয়াক্ত নামাজ পড়তে নির্দেশনা দেয়।</p> <p>ক. শরিয়ত কাকে বলে?</p> <p>খ. শরিয়তের উৎস কয়টি ও কী কী?</p> <p>গ. আলোচ্য উদ্দীপকের পাঁচ ওয়াক্ত সালাত শরীয়তের কোন উৎসের আলোকে প্রমাণিত? ব্যাখ্যা কর।</p> <p>ঘ. আমরা কীভাবে আমাদের বাস্তব জীবনে শরিয়তের বিধি-বিধান বাস্তবায়ন করতে পারি, তার একটি চিত্র তুলে ধর।</p>